

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর-১ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

নং- ৪৬.০০.০০০০.০৬৩.৯৯.০০৫.২১-১৮৩১

তারিখ: ০৩ পৌষ ১৪৩০  
১৮ ডিসেম্বর ২০২৩

বিষয়: বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের স্টাফলিপিকার/স্টাফমুদ্রাঙ্করিক/অফিস সহকারী কাম মুদ্রাঙ্করিক পদের কর্মচারীগণকে ২টি অগ্রিম ইনক্রিমেন্ট প্রদান এবং স্টাফলিপিকারগণকে সিলেকশন গ্রেড প্রদান সম্পর্কিত অর্থ বিভাগের আদেশ পৌরসভার জন্য প্রয়োজ্য কিনা, এ বিষয়টি স্পষ্টীকরণ সংক্রান্ত।

সূত্র : ১. রাজবাড়ী পৌরসভার স্মারক নং-রাঃপৌঃ/সাধাঃ/২০২৩/২৩, তারিখ: ১৭ জুলাই ২০২৩খ্রি.  
২. অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১৬৪.৪৭.০০৬.২৩-১০২, তারিখ: ১২ নভেম্বর ২০২৩খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকে অর্থ বিভাগের নিম্নবর্ণিত আদেশসমূহ পৌরসভাসমূহের কর্মচারীদের ক্ষেত্রে প্রয়োজ্য কিনা, এ বিষয়টি স্পষ্টীকরণপূর্বক নির্দেশনা প্রদানের জন্য রাজবাড়ী পৌরসভা হতে অনুরোধ জানানো হয়।

ক্র.	অর্থ বিভাগের স্মারক	নির্দেশনা
১.	অর্থ বিভাগের ১২ নভেম্বর ১৯৮৬ সালের স্মারক MF-FD(lmp)-3-R(G)-9-86-180	: সরকারি কার্যালয়/স্ব-শাসিত প্রতিষ্ঠান (Public Bodies)/ আর্থিক প্রতিষ্ঠানে কর্মরত মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের স্টাফলিপিকার/স্টাফমুদ্রাঙ্করিক/অফিস সহকারী কাম মুদ্রাঙ্করিক পদের কর্মচারীগণকে টাইপিং এর নির্ধারিত গতিসীমা অর্জনের পরীক্ষায় উত্তীর্ণ হওয়া সাপেক্ষে ২টি অগ্রিম ইনক্রিমেন্ট প্রদানের নির্দেশনা
২.	অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগের ১৭ মে ১৯৭৮ তারিখের এম, এফ (আইডি)-৩/বি-১/৭৮/৫৩৮ নং স্মারক এবং ১৫ ফেব্রুয়ারি ১৯৮৭ তারিখের স্মারক অম-অবি(বা)-৩-আর(জি)-৯/৮৬-২১ নং স্মারক	: বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/দপ্তরের স্টাফলিপিকারদের ৫ বছর চাকুরি পূর্তি সাপেক্ষে ৪৭০-১১৩৫/- (১১তম গ্রেড) প্রদান করা হয়

২। এ বিষয়ে অর্থ বিভাগ হতে নিম্নোক্ত মতামত প্রদান করা হয়ঃ

জাতীয় বেতনস্কেল, ২০১৫ [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানসমূহ] এর ১(৪) নং উপানুচ্ছেদ অনুযায়ী স্থানীয় সরকার প্রতিষ্ঠানসমূহে নিয়োজিত ব্যক্তিবর্গের ক্ষেত্রে উক্ত বেতন আদেশে [স্ব-শাসিত (Public Bodies) এবং রাষ্ট্রায়ত্ত্ব প্রতিষ্ঠানসমূহ] প্রয়োজ্য নয় এবং বিবেচ্য পত্রে উল্লেখিত আদেশসমূহ জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুযায়ী কার্যকর নেই বিধায় স্থানীয় সরকার বিভাগের আওতাধীন পৌরসভার কর্মচারীদের ক্ষেত্রে ০২ (দুই) টি অগ্রিম ইনক্রিমেন্ট প্রদান এবং স্টাফ লিপিকারগণকে সিলেকশন গ্রেড প্রদানের সুযোগ নেই।

৩। এমতাবস্থায়, অর্থ বিভাগের ১২ নভেম্বর ২০২৩ তারিখের ০৭.০০.০০০০.১৬৪.৪৭.০০৬.২৩-১০২নং স্মারকের পত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
মোঃ আব্দুর রহমান  
উপসচিব

ফোন: +৮৮০২৯৫১৪১৪২

ইমেইল: [lgpaura1@lgd.gov.bd](mailto:lgpaura1@lgd.gov.bd)

মেয়র

রাজবাড়ী পৌরসভা

রাজবাড়ী

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. যুগ্মসচিব (নগর উন্নয়ন-২ অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৬. জনাব মোঃ তায়েব আলী, পৌর নির্বাহী কর্মকর্তা, রাজবাড়ী পৌরসভা, রাজবাড়ী